

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-১৫

তারিখঃ

ভাদ্র ২৪, ১৪১৬
সেপ্টেম্বর ০৮, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পূর্বে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা বাবদ ৭০% অর্থ ছাড়করণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এখন থেকে সংশ্লিষ্ট এফই সার্কুলার/সার্কুলারপত্রের নির্দেশনা অনুযায়ী দাখিলকৃত রপ্তানিকারক-উৎপাদনকারীগণের রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবির প্রাপ্যতা সম্পর্কে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পূর্বেই প্রাথমিক পরীক্ষান্তে নিশ্চিত হয়ে প্রাপ্য অর্থের ৭০% তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ব্যাংক পরিশোধ করবে। পরিশোধিত অর্থের বিপরীতে পুনঃভরণের দাবি বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগ কর্তৃক পরবর্তী কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে পুনঃভরণ করা হবে। অবশিষ্ট ৩০% অর্থ নিরীক্ষা শেষে পরিশোধ্য হবে।

০২। তাৎক্ষণিকভাবে পরিশোধিত অর্থের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্রাদির কপি আকস্মিক পরিদর্শনের জন্য ব্যাংক শাখায় সংরক্ষণ করতে হবে।

০৩। রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা অনিয়মিতভাবে পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ (সুদসহ) বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করে নেয়া যাবে। এ অনিয়মের সাথে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করাসহ ভর্তুকী/নগদ সহায়তা গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবি পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫